



বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
The ICT Industry Association of Bangladesh

তারিখ: ০৮ অক্টোবর ২০২২

বিশেষ সাধারণ সভার বিজ্ঞপ্তি

এই মর্মে বিজ্ঞাপন জারি করা যাচ্ছে যে, বাংলাদেশ কম্পিউটার সমিতির এক বিশেষ সাধারণ সভা আগামী ২৯ অক্টোবর ২০২২, শনিবার, বিকাল ৪:৩০ টায় বিসিএস ইনোভেশন সেন্টারে (বাড়ি-৩৩বি, রোড-৪, ধানমন্ডি, ঢাকা-১২০৫) অনুষ্ঠিত হবে।

উক্ত বিশেষ সাধারণ সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

“বাংলাদেশ কম্পিউটার সমিতির সংঘবিধি সংশোধন”

উপরোল্লিখিত বিশেষ সাধারণ সভায় বাংলাদেশ কম্পিউটার সমিতির সম্মানিত সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ইঞ্জি. সুব্রত সরকার
সভাপতি

সংযুক্তি: সংঘবিধি সংশোধনী প্রস্তাব

Member of



Bangladesh Computer Samity (BCS)

House : 33/B, Road-04, Dhanmondi R/A, Dhaka-1205, Bangladesh.
Phone : 88 02 9671342, 9671350, Fax : 88 02 9671342, 9671350, Ext-108
e-mail : samity@bcs.org.bd, Website : www.bcs.org.bd

BCS Branches

Barisal : barisal@bcs.org.bd Comilla : comilla@bcs.org.bd Jessore : jessore@bcs.org.bd
Khulna : khulna@bcs.org.bd Mymensingh : mymensingh@bcs.org.bd Rajshahi : rajshahi@bcs.org.bd
Syhet : syhet@bcs.org.bd Chittagong : ctg@bcs.org.bd



বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
The ICT Industry Association of Bangladesh

সংঘবিধি সংশোধনী প্রস্তাব

অধ্যায়	ধারা নং	ধারার বর্তমান বিবরণ	ধারার প্রস্তাবিত সংশোধনীর বিবরণ	ধারার সংশোধন/ সংযোজন/ বিলুপ্তিকরণ
সংঘবিধি	২১(বা)	উপ-অনুচ্ছেদ (ঙ) এ যে কোন বিষয় অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও সংঘস্মারক এবং সংঘবিধি সংশোধন সংক্রান্ত কোন বিশেষ অথবা অসাধারণ সিদ্ধান্ত উপস্থিত সদস্যগণের তিন চতুর্থাংশ সংখ্যাগরিষ্ঠ ভোটপ্রাপ্ত না হইলে উহা প্রতিপালিত হইয়াছে বলিয়া গণ্য হইবে না।	উপ-অনুচ্ছেদ (ঙ) এ যে কোন বিষয় অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও সংঘস্মারক এবং সংঘবিধি সংশোধন সংক্রান্ত কোন বিশেষ অথবা অসাধারণ সিদ্ধান্ত উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটপ্রাপ্ত না হইলে উহা প্রতিপালিত হইয়াছে বলিয়া গণ্য হইবে না।	ধারা নং ২১(বা) সংশোধন
	৩০	সমিতির বিশেষ উদ্দেশ্যে আহৃত বিশেষ সাধারণ সভায় উপস্থিত সদস্যদের তিন চতুর্থাংশ সংখ্যাগরিষ্ঠ ভোটে অত্র সংঘবিধি সংশোধন করা যাইতে পারে। তবে এই সংশোধনী সরকার কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং সরকার যখন জনস্বার্থে সংশোধন করিতে নির্দেশ দেন তখনই এইরূপ করা যাইতে পারে।	সমিতির বিশেষ উদ্দেশ্যে আহৃত বিশেষ সাধারণ সভায় উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটে অত্র সংঘবিধি সংশোধন করা যাইতে পারে। তবে এই সংশোধনী সরকার কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং সরকার যখন জনস্বার্থে সংশোধন করিতে নির্দেশ দেন তখনই এইরূপ করা যাইতে পারে।	ধারা নং ৩০ সংশোধন

সংশোধনী প্রয়োজনীয়তার ব্যাখ্যা

৩৫ বছরপূর্বে প্রতিষ্ঠিত বাংলাদেশ কম্পিউটার সমিতি'র কর্মকাণ্ডের পরিধি বর্তমানে অভাবিতভাবে বৃদ্ধি পাইয়াছে। প্রারম্ভিক বছরগুলিতে সমিতি'র সদস্য সংখ্যা ও কার্যক্রম সীমিত ছিল, কিন্তু বর্তমান অবস্থায় এই দুইয়েরই উর্দ্ধমুখীভাবে আমূল পরিবর্তন ঘটয়াছে। ১১ সদস্য নিয়ে গঠিত এ সমিতিতে বর্তমানে ২৬ শতাধিক সদস্য রহিয়াছে। যুগের সাথে তাল মিলাইয়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রসার এবং এই খাতের ব্যবসায়ের পথ সুগম করা ও বৃদ্ধিকল্পে দেশীয় ও আন্তর্জাতিকভাবে সমিতি'কে নিয়মিতভাবে নানান কর্মসূচী প্রণয়ন ও সেই সব বাস্তবায়ন করিতে হয়। এই সব বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে সমিতি পরিচালনার জন্য সংঘস্মারক এবং সংঘবিধি সংশোধন প্রয়োজন। তাই সমিতি'র সংঘস্মারক এবং সংঘবিধি সংশোধন করিবার লক্ষ্যে বর্ণিত প্রস্তাব অনুমোদনের জন্য সম্মানিত সদস্যদের নিকট প্রস্তাব করা হইয়াছে।

Member of



Bangladesh Computer Samity (BCS)

House : 33/B, Road-04, Dhanmondi R/A, Dhaka-1205, Bangladesh.
Phone : 88 02 9671342, 9671350, Fax : 88 02 9671342, 9671350, Ext-108
e-mail : samity@bcs.org.bd, Website : www.bcs.org.bd

BCS Branches

Barisal : barisal@bcs.org.bd Comilla : comilla@bcs.org.bd Jessore : jessore@bcs.org.bd
Khulna : khulna@bcs.org.bd Mymensingh : mymensingh@bcs.org.bd Rajshahi : rajshahi@bcs.org.bd
Sylhet : sylhet@bcs.org.bd Chittagong : ctg@bcs.org.bd